

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার  
সংখ্যা-১১২/২০২২-২০২৩  
ময়মনসিংহ, ২৭ ফেব্রুয়ারি, সোমবার ২০২৩, ১৪ ফাল্গুন ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ৫ দিনের সফরে কিশোরগঞ্জ যাচ্ছেন রাষ্ট্রপতি
- ০২। বিএনপি সবসময় পিছনের দরজা দিয়ে ক্ষমতায় আসার চেষ্টা করে: শিক্ষামন্ত্রী
- ০৩। ৫০ লাখ লোক ১৫ টাকা কেজি দরে চাল পাবেন: খাদ্যমন্ত্রী
- ০৪। নির্মাণ নীতিমালা মানা ছাড়া কোনো ভবন নয়: গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী
- ০৫। সুবিধা বঞ্চিত শিশু-কিশোরদের নিয়ে মসিকের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

**০১। ৫ দিনের সফরে কিশোরগঞ্জ যাচ্ছেন রাষ্ট্রপতি**

সরকারি সফরে ২৭ ফেব্রুয়ারি (সোমবার) কিশোরগঞ্জ আসছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। রবিবার (২৬ ফেব্রুয়ারি) রাষ্ট্রপতির প্রটোকল কর্মকর্তা মো. নবীরুল ইসলামের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ২৭ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ পর্যন্ত জেলার মিঠামইন, করিমগঞ্জ ও সদর উপজেলা সফর করবেন তিনি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক জাহান, দৈনিক দেশের খবর ও দৈনিক নিউ টাইমস।

**০২। বিএনপি সবসময় পিছনের দরজা দিয়ে ক্ষমতায় আসার চেষ্টা করে: শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বিএনপির জন্ম হচ্ছে অবৈধ ক্ষমতা দখল করে কুক্ষিগত করার অপচেষ্টার অংশগ্রহণকারী হিসেবে। নির্বাচনের আগে তারা সবসময় চেষ্টা করে রাজনৈতিক পরিস্থিতিতে ঘোলাটে করে কিভাবে পিছনের দরজা দিয়ে ক্ষমতায় আসা যায়। এজন্য দিন দিন বিএনপি ও তাদের দোসররা জনবিচ্ছিন্ন হয়ে পড়েছে। রবিবার (২৬ ফেব্রুয়ারি) জামালপুরের ইসলামপুর উপজেলার এম এ সামাদ পারভেজ মেমোরিয়াল মহিলা ডিগ্রি কলেজ পরিদর্শনকালে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক দিনের পালা।

**০৩। ৫০ লাখ লোক ১৫ টাকা কেজি দরে চাল পাবেন: খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, আগামী ১ মার্চ থেকে সারাদেশে খাদ্যবান্ধব কর্মসূচি শুরু হচ্ছে। এ কর্মসূচিতে ৫০ লাখ লোক ১৫ টাকা কেজি দরে ৩০ কেজি করে চাল পাবেন। রবিবার (২৬ ফেব্রুয়ারি) সকালে নওগাঁর আটাপট্টি ও রবির মোড় এলাকায় চলমান ওএমএস কার্যক্রম পরিদর্শন শেষে গণমাধ্যম কর্মীদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। ওএমএস কার্যক্রম কতদিন চলবে সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে খাদ্যমন্ত্রী বলেন, ওএমএস একটি চলমান কর্মসূচি। যতদিন এর চাহিদা থাকবে ততদিন চলবে। প্রয়োজন হলে সারাবছরই চলবে। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস।

**০৪। নির্মাণ নীতিমালা মানা ছাড়া কোনো ভবন নয়: গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী**

ভবন নির্মাণে কেউ যেন বিল্ডিং কোড অগ্রাহ্য না করে, সে জন্য কঠোর হতে বলেছেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ। নির্মাণ নীতিমালা মানা ছাড়া কোনো ভবন উঠতে দেয়া হবে না বলেও তিনি হুঁশিয়ারি দিয়েছেন। রবিবার (২৬ ফেব্রুয়ারি) রাজধানীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ‘ভূমিকম্প দুর্যোগ ঝুঁকি হ্রাসের প্রস্তুতি ও করণীয়’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব) এই সেমিনারের আয়োজন করে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

**০৫। সুবিধা বঞ্চিত শিশু-কিশোরদের নিয়ে মসিকের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত**

রবিবার (২৬ ফেব্রুয়ারি) সিটি কর্পোরেশনের (মসিক) বিভিন্ন ওয়ার্ডের সুবিধা-বঞ্চিত শিশুদের অংশগ্রহণে ময়মনসিংহের সার্কিট হাউজ মাঠে শিশু-কিশোর ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ময়মনসিংহ সিটি কর্পোরেশন এবং ইউনিসেফ বাংলাদেশের যৌথ উদ্যোগে এই ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই আয়োজনে মসিক এলাকার ২৪০ জন সুবিধা বঞ্চিত শিশু ৫টি ইভেন্টে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। দিনব্যাপী এই আয়োজনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক দেশের খবর, দৈনিক নবকল্যাণ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক দিনের পালা।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** বাংলাদেশে রমজান এলেই নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়ে। সেখানে এবার রোজার আগেই বিভিন্ন পণ্যের দাম বাড়তি। রমজানের শুরুরতে যাতে ভোগ্যপণ্যের বাজারে অস্থিরতা তৈরি না হতে পারে সে ব্যাপারে কর্তৃপক্ষকে তৎপর হতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** দেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর গোয়েন্দা নজরদারি ও তৎপরতার ভেতরেও থেমে নেই অবৈধ অপ্তের ব্যবহার। অবৈধ অস্ত্র উদ্ধার কার্যক্রম চালু থাকলে দেশে জঙ্গি ও সন্ত্রাসী কর্মকান্ড অনেকটাই কোনঠাসা হয়ে পড়বে।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** সরকার ২০২৫ সালের মধ্যে শিশুশ্রম নিরসন করতে চাচ্ছে। এই অল্প সময়ে শিশুশ্রম নিরসনের মতো একটি জটিল কাজ সম্পন্ন করা সরকারের পক্ষে সম্ভব হবে কি না সেটি নিয়ে সংশয় রয়েছে। তাই শিশুশ্রম নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রশাসন প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করবে, এটাই প্রত্যাশা।
- (ঘ) **দৈনিক জাহান, দৈনিক দেশের খবর, দৈনিক নবকল্যাণ, দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা:** নানা পদক্ষেপ, আন্দোলন, সভা-সেমিনারের পরেও দেশে সড়ক দুর্ঘটনা কমেনি। প্রতিদিন একাধিক দুর্ঘটনা ঘটছে, হতাহত হচ্ছে মানুষ। সড়ক দুর্ঘটনা রোধে সরকারের পাশাপাশি পরিবহন মালিক ও শ্রমিক সংগঠন, স্বেচ্ছাসেবী সংস্থা এবং গণমাধ্যমসহ সংশ্লিষ্ট সবাই সমন্বিত কর্মসূচি নিয়ে অগ্রসর হবেন, এটাই প্রত্যাশা।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। অজয় বঙ্গা ও আমাদের আন্তর্জাতিক মেধার বিস্তার- অজয় দাশগুপ্ত (দৈনিক স্বজন)
- ০২। প্রাণের টানে বইয়ের গানে ঢাকা বইমেলায়- অমিত গোস্বামী (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। রিজার্ভ বৃদ্ধিতে করণীয়- অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজামান ভূঁইয়া (দৈনিক সবুজ)
- ০৪। মাতৃভাষার গুরুত্ব ও ভাষার সুরক্ষার তাগিদ- মো. শাহাজাহন কবির (দৈনিক জাহান, দৈনিক দেশের খবর, দৈনিক নবকল্যাণ, দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক দিনের পালা)

#